**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-04 -2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Waq (Amendment) bill passed:

লোকসভায় ওয়াকফ (সংশোধনী) বিল ২০২৫ অনুমোদিত হয়েছে। ২৮৮ জন সদস্য বিলের পক্ষে এবং ২৩২ জন সদস্য বিলের বিরুদ্ধে ভোট দিয়েছেন।

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু গতকাল বিকেলে লোকসভায় বিলটি উত্থাপন করেন। লোকসভায় যৌথ সংসদীয় কমিটির রিপোর্ট অনুসারে ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫-এর উপর ১২ ঘন্টারও বেশি সময় ধরে গভীর রাত পর্যন্ত আলোচনা হয়।

বিলটি উত্থাপন করে মন্ত্রী শ্রী রিজিজু বলেন যে বিলটির সাথে মুসলমানদের ধর্মীয় রীতিনীতির কোনও সম্পর্ক নেই এবং এটি কেবল ওয়াকফ বোর্ডের সাথে সম্পর্কিত সম্পত্তির সাথে সম্পর্ক যুক্ত। তিনি বলেন যে সরকার চায় ওয়াকফ বোর্ড আরও অন্তর্ভুক্তিমূলক এবং ধর্মনিরপেক্ষ হয়ে উঠুক। এই আইনটি মসজিদের ব্যবস্থাপনা নিয়ন্ত্রনের জন্য আনা হয়নি বলেও মন্তব্য করেন তিনি । শ্রী রিজেজু বলেন কারুর সম্পত্তি বাজেয়াপ্ত করার উদ্দেশ্য এই বিলে নেই। বিরোধীরা এই বিল নিয়ে মানুষকে বিভ্রান্ত করছেন বলে অভিযোগ করেন তিনি।

*************************

## PM, BIMSTEC :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ সকালে দুইদিনের থাইল্যান্ড সফরে যাবেন। ২০১৬ এবং ২০১৯ সালের পর এটি হবে

প্রধানমন্ত্রীর তৃতীয় থাইল্যান্ড সফর। সফরকালে, প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ ব্যাংককে থাইল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন।

*************************

**State Level Yatra Utsav :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামী ৯ এপ্রিল ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের উদ্বোধন করবেন| যাত্রা উৎসব চলবে ২৩শে এপ্রিল পর্যন্ত| রাজ্যের বিভিন্ন জেলা থেকে মোট ১৩টি যাত্রা দল রাজ্যভিত্তিক যাত্রা উৎসবে অংশগ্রহণ করবে।

*************************

**Ekalabya Model Residential School:**

কেন্দ্রটি সারা দেশে প্রায় সাড়ে তিন লক্ষ তফশিলি উপজাতি শিক্ষার্থীর জন্য ৭২৮টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যমাত্রা গ্ৰহন করেছে।

এখনো পর্যন্ত সারা দেশে মোট ৭২১টি  একলব্য মডেল আবাসিক বিদ্যালয় অনুমোদন পেয়েছে, যার মধ্যে ৪৭৭টি বিদ্যালয়ে পঠন পাঠন শুরু হয়ে গেছে।

রাজ্যসভায় লিখিত জবাবে, কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে বলেছেন, ২০১৮-১৯ সালে উপজাতি শিশুদের তাদের নিজস্ব পরিবেশে শিক্ষাদানের জন্য কেন্দ্রীয় সেক্টর প্রকল্প একলব্য মডেল আবাসিক বিদ্যালয় শুরু করা হয়েছিল। তিনি আরও বলেন, এই প্রকল্পের আওতায়, সরকার ৫0 শতাংশেরও বেশি উপজাতি জনসংখ্যা এবং কমপক্ষে ২0 হাজার উপজাতি ব্যক্তিবর্গের প্রতিটি ব্লকে একটি করে একলব্য মডেল আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে।

*************************

**Immigration and Foreigners bill 2025:**

সংসদে গতকাল অভিবাসন এবং বিদেশী নাগরিক বিল ২০২৫ পাশ হয়েছে। রাজ্যসভায় গতকাল এই বিলটি অনুমোদন পায়। লোকসভা ইতিমধ্যেই এই বিলটি পাশ করেছে।

এই আইনটি ভারতে বিদেশীদের অভিবাসন, প্রবেশ এবং থাকার ব্যাপারে সবকিছু নিয়ন্ত্রণ করবে। ফলে বাতিল হচ্ছে পাসপোর্ট আইন ১৯২০, বিদেশীদের নিবন্ধন আইন ১৯৩৯, বিদশী আইন ১৯৪৬ এবং অভিবাসন দায়বদ্ধতা আইন ২000।

*************************

**Vasanti Puja :**

রাজ্যের বিভিন্ন অংশে বাসন্তী পূজার আয়োজন চলছে। আজ ষষ্ঠী পূজা ও বোধনের মধ্যে দিয়ে শাস্ত্র মতে বাসন্তী পূজা শুরু হবে।চিরাচরিত প্রথা অনুযায়ী আগরতলার দূর্গাবাড়িতে সরকারী উদ্যোগে এবছরও বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে। তাছাড়া, আগরতলার আনন্দময়ী আশ্রম, বিভিন্ন ক্লাব ও বাড়ি ঘরে সাড়ম্বরে এই পূজার আয়োজন করা হয়েছে।

*************************

**Beti Bachao Beti padao:**

বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচীতে গতকাল মান্দাই-এ শিশুকন্যাদের হাতে স্কুলব্যাগ তুলে দেওয়া হয়। মান্দাই আইসিডিএস প্রকল্পের অধীন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার। তিনি জানান, আমাদের মেয়েদের উজ্জল ভবিষ্যৎ গঠন করতে নিয়মিত কাজ চলছে। ব্যাগ বিতরনের মতো অনুষ্ঠান ছোট বয়সের মেয়েদের পড়াশুনার প্রতি আগ্রহ বাড়াবে। অনুষ্ঠানে আলোচনা করেন বিধায়ক স্বপ্না দেববর্মা, মান্দাই ব্লকের বিডিও সহ অন্যান্যরা।

**************************

## NLFT & ATTF:

দক্ষিণ জেলার শান্তিরবাজার মহকুমার লাচি ক্যাম্পে গতকাল স্বাভাবিক জীবনে ফিরে আসা যুবক-যুবতীদের ১১ তম ব্যাচের প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়েছে। দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা,রাজ্য পুলিশের ডিআইজি কৃষেন্দু চক্রবর্তী, উপজাতি কল্যান দপ্তরের অধিকর্তা শুভাশিস দাশ প্রমুখ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

**************************

## Knockout Cricket:

তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার দুটি সেমিফাইনাল আজ হবে। নরসিংগড়ের টি আই টি মাঠে সংহতি ক্লাব খেলবে জে সি সি-র বিরুদ্ধে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে অপর সেমিফাইনালে ব্লাডমাউথ ক্লাব ও কসমোপলিটন ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আগামী ৫ এপ্রিল আসরের ফাইনাল খেলাটি হবে।

**************************

## Weather:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত পরিস্কার থাকবে৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৬ ডিগ্রির কাছাকাছি। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে উত্তর ত্রিপুরা জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে৷

**************************

**************************